গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
উপপরিচালক (স্বাস্থ্য ও গৃহায়ন)-০১
http://www.imed.gov.bd

স্মারক নম্বর: ২১.০০.০০০০.৪৮৬.১৪.০৩৪.১৭.৩৮

তারিখ: ১ চৈত্র ১৪২৪
১৫ মার্চ ২০১৮

বিষয়: **ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাবে আইএমইডি'র মতামত প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পত্র নং ৪৩.০০.০০০০.১১৯.১৪.৩৪৪.১২(খন্ড-১)-১৬৫৪; তারিখ ৩১.১২.২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি কর্তৃক বাস্তবায়নাধীন "খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনষ্টিটিউট এর অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্পটির মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুন ২০১৯ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাবে আইএমইডি'র মতামত নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

১৫-৩-২০১৮
মোঃ আকতার হোসেন
উপপরিচালক (স্বাস্থ্য ও গৃহায়ন)
ফোন: ৯১৮০৬০৮
ইমেইল:
md.aktarhossainbabu@gmail.con

সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর: ২১.০০.০০০০.৪৮৬.১৪.০৩৪.১৭.৩৮/১

তারিখ: ১ চৈত্র ১৪২৪
১৫ মার্চ ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ
১) পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনষ্টিটিউট, খাগড়াছড়ি।
২) প্রকল্প পরিচালক, "খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনষ্টিটিউট এর অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্প, "খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনষ্টিটিউট, খাগড়াছড়ি।
৩) পরিচালক, পরিচালক (সমন্বয়), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৫) ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক (স্বাস্থ্য ও গৃহায়ন), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

১৫-৩-২০১৮
মোঃ আকতার হোসেন
উপপরিচালক (স্বাস্থ্য ও গৃহায়ন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৫
(স্বাস্থ্য ও গৃহায়ন)
শের-ই-বাংলা নগর, ঢাকা।

ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাবে আইএমইডি'র মতামত/সুপারিশ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১.০ | প্রকল্পের নাম | : | "খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট এর অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্প | | |
| ২.০ | বাস্তবায়নকারী সংস্থা | : | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি। | | |
| ৩.০ | উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। | | |
| ৪.০ | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | : | মোট | টাকা | প্রকল্প সাহায্য |
| | ৪.১ মূল অনুমোদিত | : | ১০০৫.০৩ | ১০০৫.০৩ | - |
| | ৪.২ সর্বশেষ সংশোধিত অনুমোদিত (প্রযোজ্য ক্ষেত্রে) | : | - | - | - |
| ৫.০ | বাস্তবায়নকাল | | | | |
| | ৫.১ মূল অনুমোদিত | : | জুলাই ২০১৬ থেকে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত | | |
| | ৫.২ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (প্রস্তাবিত) | : | জুলাই ২০১৬ থেকে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত | | |

৬.০ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রস্তাবে বর্ণিত সকল তথ্যাদি পর্যালোচনা ও মেয়াদ বৃদ্ধির যৌক্তিকতাঃ

৬.১ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি এর "খাগড়াছড়ি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট ভবন সম্প্রসারণ ও উন্নয়ন" শীর্ষক প্রকল্পটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ২৯/০৬/২০১৬ তারিখে অনুমোদিত হয়। প্রকল্পটির অনুমোদিত মোট প্রাক্কলিত ব্যয় ১০০৫.০৩ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জুলাই, ২০১৬ থেকে জুন, ২০১৮ পর্যন্ত।

৬.২ বিবেচ্য পত্রে উল্লেখ করা হয়েছে যে, প্রকল্পটির ভূমি অধিগ্রহণ বিলম্ব হওয়ায় প্রকল্পের মূল কার্যক্রম সম্পন্ন করা যায়নি। আলোচ্য প্রকল্পের ভূমি অধিগ্রহণ বাবদ জেলা প্রশাসক, খাগড়াছড়ি বরাবর ৪৩.৫০ লক্ষ টাকা চেকের মাধ্যমে প্রদান করা হয়। কিন্তু পরবর্তীতে জমির মালিকগণ কর্তৃক জেলা জজ আদালতে মামালা দায়ের করার কারণে জমি অধিগ্রহণ কার্যক্রম স্থগিত হয়ে যায়। এখন মালিকগণ কর্তৃক মামলা প্রত্যাহার করা হয়েছে। বর্তমানে উক্ত জটিলতা সমাধানের পর জেলা প্রশাসক হতে CA (Compensation Assessment) রুল পাওয়া গিয়েছে। অচিরেই CA রুল অনুসারে দাবীকৃত অবশিষ্ট অর্থ পরিশোধ করে জমি গ্রহণ করা হবে। ভূমি অধিগহণের অবশিষ্ট টাকা জমাদানপূর্বক জমি গ্রহণের সাথে সাথে ভবন ও অবকাঠামো নির্মাণ কাজ আরম্ভ করা হবে। এমতাবস্থায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে "খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট এর অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্পের মেয়াদ ১ বছর অর্থাৎ, জুন, ২০১৯ পর্যন্ত পর্যন্ত নির্ধারণ করার প্রস্তাব করা হয়েছে।

৬.৩ "খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট এর অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্পের মোট অনুমোদিত ব্যয় ১০০৫.০৩ লক্ষ টাকা। প্রকল্প পরিচালক কর্তৃক প্রেরিত আইএমইডি ০৫ ছক অনুযায়ী প্রকল্পের অনুকূলে জুন ২০১৭ পর্যন্ত ব্যয় হয়েছে ৫৬.৯৩ লক্ষ টাকা। চলতি ২০১৭-১৮ অর্থ বছরে প্রকল্পটির অনুকূলে বরাদ্দ রয়েছে ৭৪৯.০০ লক্ষ টাকা এবং জুলাই- অক্টোবর ২০১৭ মাস পর্যন্ত কোন অর্থ ব্যয় হয়নি এবং চলতি অর্থ বছরের বাস্তব কোন অগ্রগতি হয়নি। অর্থাৎ শুরু থেকে অক্টোবর ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫৬.৯৩ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি প্রায় ১০% (প্রকল্প অফিসের প্রদত্ত তথ্য অনুযায়ী)।

## ৭.০ অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি

(ব্যয় লক্ষ টাকায়)

| ক্র. নং | অংগের নাম | প্রাক্কলিত ব্যয় | গত জুন, ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | ২০১৭-২০১৮ অর্থ বছরের লক্ষ্যমাত্রা | | ২০১৭-২০১৮ অর্থ বছরের আগস্ট, ১৭ পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক | বাস্তব% | আর্থিক | বাস্তব% | আর্থিক | বাস্তব% |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | (ক) রাজস্ব ব্যয়: | | | | | | | |
| ১ | ৪৬০১- কর্মচারীদের বেতন | ৫.২০ | - | - | ৫.২০ | ১০০% | - | - |
| ২ | ৪৭০০ ভাতাদি | ১.১০ | - | - | ১.১০ | ১০০% | - | - |
| ৩ | ৪৮২৮- স্টেশনারী, সিল ও ষ্টাম্প | ২.০০ | ১.০০ | ৫০% | ১.০০ | ৫০% | - | - |
| ৪ | ৪৮৩১- বইপত্র ও সাময়িকী | ১১.০০ | ৬.৫৮ | ৬০% | ৪.৪২ | ৪১% | - | - |
| ৫ | ৪৮৩৩- প্রচার ও বিজ্ঞাপন | ১.০০ | - | - | ১.০০ | ১০০% | - | - |
| ৬ | ৪৮৮৫- আপ্যায়ন ব্যয় | ১.০০ | ০.৩০ | ৩০% | ০.৭০ | ৭০% | - | - |
| ৭ | ৪৮৫৪- ব্যবহার্য দ্রবাদি ক্রয় | ১.০০ | ০.৪৭ | ৪৭% | ০.৫৩ | ৫৩% | - | - |
| ৮ | ৪৮৮৮-কম্পিউটার সামগ্রী | ০.৫০ | ০.২৫ | ৫০% | ০.২৫ | ৫০% | - | - |
| ৯ | ৪৮৯৩- হায়ারিং চার্জ | ২.০০ | ০.১৩ | ০৬% | ১.৮৭ | ৯৪% | - | - |
| ১০ | ৪৮৯৫ কমিট গঠন/ কমিশন | ২.০০ | ০.১০ | ৫% | ১.৯০ | ৯৫% | - | - |
| ১১ | ৪৮৯৯- অন্যান্য বয় | ৭.০০ | ৩.৬০ | ৫১% | ৩.৪০ | ৪৯% | - | - |
| | উপমোট= | ৩৩.৮০ | ১২.৪৩ | - | ২১.৩৭ | - | - | - |
| ১২ | (খ) মূলধন ব্যয় | | | | | | - | - |
| ১৩ | ৬৮১৫ কম্পিউটার ও যন্ত্রাংশ | ১.০০ | ১.০০ | ১০০% | - | - | - | - |
| ১৪ | ৬৮২১ আসবাব পত্র | ১২.০০ | - | - | ১২.০০ | ১০০% | - | - |
| ১৫ | ৬৮২৭- বৈদ্যুতিক সরঞ্জাম | ৬৭.২০ | - | - | ৬৭.২০ | ১০০% | - | - |
| ১৬ | ৬৯০১-ভূমি অধিগ্রহন/ ক্রয় | ৮৭.০০ | ৪৩.৫০ | ৫০% | ৪৩.৫০ | ৫০% | - | - |
| ১৭ | ৭০১৬- অন্যান্য ববন ও অবকাঠামো | ৪৮৭.৯৭ | - | - | ৭৯৪.৯৭ | ১০০% | - | - |
| ১৮ | ৭৯৮১- প্রাইজ কনটিনজেন্সি | ৯.৫৩ | - | - | ৯.৫৩ | ১০০% | - | - |
| ১৯ | ৭৯৮২ ফিজিক্যাল কনটিনজেন্সি | ৯.৫৩ | - | - | ৯.৫৩ | ১০০% | - | - |
| | উপ-মোট (খ)= | ৯৭১.২৩ | ৪৪.৫০ | - | ৭২৬.৭৩ | - | - | - |
| | সর্বমোট (ক+খ) | ১০০৫.০৩ | ৫৬.৯৩ | - | ৭৪৯.০০ | - | - | - |

প্রকল্পটির অনুকূলে চলতি ২০১৭-১৮ অর্থ বছরে বরাদ্দ রয়েছে ৭৪৯.০০ লক্ষ টাকা। শুরু থেকে অক্টোবর ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫৬.৯৩ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি প্রায় ১০%। প্রকল্পটি জুন ২০১৮ মাসে সমাপ্তির জন্য নির্ধারিত। প্রস্তাবিত সময় অর্থাৎ জুন ২০১৯ সালের মধ্যে প্রকল্পটি সমাপ্ত করতে হলে অবশিষ্ঠ ১৬ মাস সময়ের মধ্যে ৯৪৮.২০ লক্ষ টাকা ব্যয় করতে হবে।

## ৭.০ পরিদর্শন বিবরণঃ

### ৭.১ আইএমইডি'র পর্যালোচনাঃ

সরেজমিন পরিদর্শনকালে এবং অন্যান্য তথ্য উপাত্ত বিশ্লেষণে দেখা যায় প্রকল্পটির অনুকূলে গত অর্থবছরে ৫৬.৯৩ লক্ষ টাকা ব্যয় করা হয়। চলতি অর্থবছরে কোন অর্থ ব্যয় করা হয়নি। প্রকল্পের মূল কাজ ভবন নির্মাণ প্রক্রিয়া এখন পর্যন্ত শুরু হয়নি। জমি অধিগ্রহণ বাবদ ৪৩.৫০ লক্ষ টাকা প্রদান করা হয়েছে।

৭.২ গত ০২-০২-২০১৮ তারিখে খাগড়ছড়ি জেলায় বাস্তবায়নাধীন “খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট এর অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্প প্রকল্পের বাস্তবায়ন কাজ সরেজমিন পরিদর্শন করা হয়। প্রকল্প পরিদর্শনকালে প্রকল্প পরিচালক এবং খাগড়াছড়ি গণপূর্ত অধিদপ্তরের উপবিভাগীয় প্রকৌশলী উপস্থিত ছিলেন। খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট এর প্রস্তাবিত জমি সরেজমিন পরিদর্শনকালে দেখা যায় যে, জমিতে জমির মালিকের বসবাসের বাড়ি রয়েছে। প্রকল্প পরিচালকের সাথে আলোচনাক্রমে জানা যায় যে, অল্প সময়ের মধ্যে জমি বুঝে পাওয়া যাবে। ইতো মধ্যে ভূমি মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় কাগজপত্র পাওয়া গেছে। গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, ভবন নির্মাণের টেন্ডার আহ্বানের জন্য সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। জমি বুঝে পাওয়া মাত্রই টেন্ডার আহ্বান করা হবে। উপস্থিত প্রকল্প পরিচালক এবং গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধিকে ভবন নির্মাণের জন্য সাইট প্ল্যান, স্টাকচারাল ডিজাইন, আর্কিটেকচারাল ডিজাইন ইত্যাদি প্রস্তুত এবং অনুমোদন করে প্রস্তুত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়।

৭.৩ প্রকল্পের আওতায় নিয়মিত প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা এবং স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়না। এ বিষয়ে প্রকল্প পরিচালকের দৃষ্টি আকর্ষণ করা হয়। নিয়মিত প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা এবং স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠানের পরামর্শ প্রদান করা হয়। নিয়মিতভাবে পিআইসি এবং স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হলে প্রকল্পের সমস্যসমূহ উক্ত সভায় আলোচিত হতে পারতো এবং সমস্যা সমাধানের পথ বেরিয়ে আসতো। কিন্তু এ ব্যপারে পদক্ষেপ গ্রহণের বিষয়ে ঘাটতি ছিল মর্মে প্রতীয়মান হয়।

৭.৪ দ্রুত জমি সংক্রান্ত সকল জটিলতা নিরসন করে দরপত্র আহ্বান করে নির্মাণ কাজ শুরু করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হয়। এছাড়া নির্মাণ কজের গুণগত মান বজায় রেখে প্রকল্পটি প্রস্তাবিত জুন ২০১৯ মাসের মধ্যে সমাপ্ত করার লক্ষ্যে কাজের তালিকা (Work/Activities List) প্রণয়ন করার জন্য পরামর্শ প্রদান করা হয়। কাজের তালিকা মোতাবেক Work breakdown Structure (WBS) এবং Critical path Method (CPM) করে কর্ম পরিকল্পনা প্রণয়নপূর্বক সে অনুযায়ী কাজ পরিচালনা করার জন্য বলা হয়। এক্ষেত্রে বাস্তবায়নকারী কর্তৃপক্ষ কর্তৃক কাজের মনিটরিং ও তদারকি জোরদার করা প্রয়োজন।

প্রকল্প পরিদর্শনের স্থির/ ভিডিও চিত্র ও বর্ণনা:

চিত্র





বর্ণনাঃ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি কর্তৃক বাস্তবায়নাধীন “খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট এর অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পের স্থান সরেজমিন পরিদর্শনের চিত্র।

৮.০ প্রস্তাবিত কাজগুলি বর্ধিত মেয়াদে সমাপ্ত করার সম্ভবনাঃ প্রকল্পের অনুমোদিত মেয়াদকালে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা তৎপরতা রয়েছে মর্মে দেখা যায়। ইতোমধ্যে প্রকল্পের জমি বুঝে পাওয়ার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। সুতরাং প্রকল্পের অবশিষ্ট প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হলে বাস্তবায়নকারী কর্তৃপক্ষের সার্বক্ষণিক তদারকি সাপেক্ষে প্রকল্পের সার্বিক কার্যক্রম প্রস্তাবিত মেয়াদের মধ্যে সমাপ্ত করা সম্ভব হবে মর্মে প্রতীয়মান হয়।

৯.০ রাজস্ব বাজেট বা অন্য কোন প্রকল্পের আওতায় প্রস্তাবিত কাজ সম্পদনের সম্ভাবনাঃ অসমাপ্ত কাজসমূহ রাজস্ব বাজেট বা অন্য কোন প্রকল্পের আওতায় করা সম্ভব নয়।

১০। আইএমডি'র মতামত/ সুপারিশঃ বর্ণিত প্রেক্ষাপটে আলোচ্য প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির বিষয়ে আইএমইডির মতামত নিম্নরূপঃ

১০.১ "খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট এর অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যাতিরেকে মেয়াদ ১ বছর (জুন ২০১৯ পর্যন্ত) বৃদ্ধির প্রস্তাবে আইএমইডি সম্মতি জ্ঞাপন করেছে।

১০.২ প্রকল্পের কাজ যথাসময়ে সম্পাদনের জন্য সময় ভিত্তিক বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক তা অনুসরণ করতে এবং আইএমইডি'তে প্রেরণ করতে হবে;

১০.৩ বর্ধিত সময়ের (জুন ২০১৯) মধ্যে প্রকল্পের সমুদয় কাজ সম্পাদনের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়সহ প্রকল্প সংশ্লিষ্ট বাস্তবায়ন কর্তৃপক্ষ কর্তৃক নিবিড় তদারকি করতে হবে;

১০.৪ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে প্রকল্পের এক অংগের অর্থ অন্য অংগে ব্যয় করা যাবেনা;

১০.৫ দ্রুত জমি সংক্রান্ত সকল জটিলতা নিরসন করে দরপত্র আহ্বান করে নির্মাণ কাজ শুরু করতে হবে;

১০.৬ নির্মাণ কজের গুণগত মান বজায় রেখে প্রকল্পটি প্রস্তাবিত জুন ২০১৯ মাসের মধ্যে সমাপ্ত করার লক্ষ্যে কাজের তালিকা (Work/Activities List) প্রণয়ন করতে হবে এবং সে মোতাবেক Work breakdown Structure (WBS) এবং Critical path Method (CPM) করে কর্ম পরিকল্পনা প্রণয়নপূর্বক সে অনুযায়ী কাজ পরিচালনা করতে হবে। এক্ষেত্রে বাস্তবায়নকারী কর্তৃপক্ষ কর্তৃক কাজের মনিটরিং ও তদারকি জোরদার করতে হবে।

১০.৭ নিয়মিতভাবে পিআইসি এবং স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠান করতে হবে।

১০.৮ আইএমইডি কর্তৃক মূল্যায়নের জন্য প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রকল্প সমাপ্তির পর ৩ মাসের মধ্যে এ বিভাগে দাখিল করতে হবে।

১০.৯ উপরোক্ত মতামত / সুপারিশসমূহের উপর গৃহীত ব্যবস্থা সম্পর্কে উদ্যোগী মন্ত্রণালয় কর্তৃক আগামী ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে আইএমইডিকে অবহিত করার জন্য অনুরোধ করা হল।

(মোঃ আকতার হোসেন)
উপ-পরিচালক